কম্পিউটার বিভাগ
Computer Division

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

স্মারকঃ বাউবি/কম্পিঃ/ID Card/২০২৬/৩৩৫/৩৫০

তারিখ ঃ ১৬/০৭/২০২৬

# প্রজ্ঞাপন

**বিষয়: বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী পরিচয়পত্র (Student ID Card) এ QR Code সংযোজন এবং শিক্ষার্থী পরিচয় যাচাই সংক্রান্ত।**

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও টিউটরদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পরিচয়পত্র (Student ID Card) কম্পিউটার বিভাগের মাধ্যমে প্রস্তুত ও বিতরণ করা হয়ে থাকে। শিক্ষার্থী পরিচয়পত্রের বিশ্বস্ততা ও নিরাপত্তা ব্যবস্থা শক্তিশালী করার লক্ষ্যে পরিচয়পত্রে Quick Response (QR) Code সংযোজন ব্যবস্থাকে ডিজিটাল ও প্রযুক্তি নির্ভর করা হয়েছে।

উক্ত QR Code স্ক্যান করলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর তথ্য বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অনলাইন ভর্তি পোর্টাল (https://osapsnew.bou.ac.bd) এর সঙ্গে সংযুক্তির মাধ্যমে তাৎক্ষণিকভাবে পরিচয় যাচাই করা যাবে। এর ফলে শিক্ষার্থীর পরিচয়ের সত্যতা সহজে নিশ্চিত করা সম্ভব হবে এবং জাল বা ভুয়া পরিচয়পত্র ব্যবহার প্রতিরোধে কার্যকর ভূমিকা পালন করা সম্ভব হবে।

এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের সকল স্কুল, বিভাগ, দপ্তর, ইউনিট, সেল, শাখা, আঞ্চলিক কেন্দ্র, উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার এবং সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ক্ষেত্রে শিক্ষার্থী পরিচয় নিশ্চিতকরণের লক্ষ্যে পরিচয়পত্রের QR Code স্ক্যানের মাধ্যমে তথ্য যাচাই করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

এছাড়াও, সকল শিক্ষার্থীকে তাদের নিজ প্রয়োজনে পরিচয়পত্র যথাযথভাবে সংরক্ষণ এবং প্রয়োজনে QR Code অক্ষত রাখার জন্য অনুরোধ করা হলো, যাতে প্রয়োজনীয় সময়ে পরিচয় যাচাই কার্যক্রম নির্বিঘ্নে সম্পন্ন করা সম্ভব হয়।

কর্তৃপক্ষের আদেশক্রমে।

Masumbillah 16/07/26

(মোঃ মাসুম বিল্লাহ)
সিস্টেম ম্যানেজার/পরিচালক
কম্পিউটার বিভাগ, বাউবি।

**<u>অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে</u>**

১. ডিন/পরিচালক/বিভাগীয় প্রধান (সকল)........................................................ স্কুল/বিভাগ, বাউবি।
২. দপ্তর/ইউনিট/সেল/শাখা প্রধান (সকল)........................................ দপ্তর/ইউনিট/সেল/শাখা, বাউবি।
৩. আঞ্চলিক/উপ-আঞ্চলিক পরিচালক/টিউটর (সকল)........................................................, বাউবি।
৪. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. একান্ত সচিব, প্রো-উপাচার্যের (শিক্ষা/প্রশাসন) দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. একান্ত সচিব, ট্রেজারার এর দপ্তর, বাউবি (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. উপ-পরিচালক, রেজিস্ট্রার এর দপ্তর, বাউবি (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. সংশ্লিষ্ট নথি।

"বাউবি'র দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা"



Scanned with CamScanner